

তারিখঃ ২১-০৮-২০২৩ (পৃঃ ১১)

ব্রিতে আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥
ধানের জাত উদ্ভাবন, উৎপাদন
এবং চাষাবাদ ব্যবস্থাপনায়
ওআইসিভুক্ত এশীয় ও আফ্রিকান
মুসলিম দেশের বিজ্ঞানীদের
দক্ষতা বাড়াতে তিনদিনের
প্রশিক্ষণ কর্মশালা রবিবার
গাজীপুরে বাংলাদেশ ধান
গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) শুরু
হয়েছে। ইসলামিক
অর্গানাইজেশন ফর ফুড
সিকিউরিটির (আইওএফএস)
উদ্যোগে ও ব্রির সহযোগিতায়

আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায়
আইওএফএস-এর সদস্য দেশ
মিসর, সেনেগাল, নাইজিরিয়া,
পাকিস্তান, কাজাখস্থান, উগান্ডা,
সুরিনাম, ওমানসহ ৮টি দেশের ১০
বিজ্ঞানী অংশগ্রহণ করছেন।
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন
খাদ্য মন্ত্রণালয়ের ফুড প্ল্যানিং ও
মনিটরিং ইউনিটের মহাপরিচালক
ও অতিরিক্ত সচিব মমতাজ
উদ্দিন।

ব্রির মহাপরিচালক ড. শাহজাহান
কবীরের সভাপতিত্বে প্রশিক্ষণ
কর্মশালায় সম্মানিত অতিথি ছিলেন
আইওএফএস-এর মহাপরিচালক
ড. ইয়ারলান এ. বাইদাউলেট।
বিশেষ অতিথি ছিলেন ব্রির
পরিচালক ড. মোহাম্মদ
খালেকুজ্জামান ও ড. আব্দুল লতিফ

তারিখঃ ২১-০৮-২০২৩ (পৃঃ ০৮)

ব্রি-৯৮ জনপ্রিয় হলে আউশ আবার বড় ফসলে পরিণত হবে -কৃষিমন্ত্রী

প্রতিনিধি, মধুপুর (টাঙ্গাইল)

কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মো. আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, দিন দিন কৃষি জমি কমে যাচ্ছে, বিপরীতে জনসংখ্যা বাড়ছে। পৃথিবীর সবচেয়ে জনবহুল এ দেশের ১৭ কোটি মানুষের খাদ্যের যোগান ঠিক রাখতে হলে একই জমি থেকে বছরে বার বার ফসল ফলাতে হবে, বেশি করে ফসল ফলাতে হবে। সাধারণত ১৪০-১৬০ দিনের মধ্যে ধান হয়, সেই ধান যদি ৯০-১০০ দিনের মধ্যে হয়, তাহলে সেটি বিরাট সম্ভাবনাময়। ব্রি ৯৮ আউশ ধান এই সম্ভাবনা নিয়ে এসেছে, ৯০-১০০ দিনে হচ্ছে; ফলনও বিঘাতে ২৫-৩০ মন। এ জাতটি সারা দেশে ছড়িয়ে দিতে পারলে খাদ্য নিরাপত্তায় বিরাট ভূমিকা রাখবে।

গত শনিবার দুপুরে টাঙ্গাইলের ধনবাড়ীতে মুগুন্দি গ্রামে ব্রি৯৮ জাতের আউশ ধানের খেত পরিদর্শনকালে মন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, উন্নত জাতের অভাব এবং খরা, বন্যা ও অতিবৃষ্টির ঝুঁকির কারণে দেশে এখন আউশ ধান অনেক কমে গেছে। বেড়েছে বোরো ও আমনের চাষ। ইতোমধ্যে



আমাদের বিজ্ঞানীরা স্বল্পজীবনকালীন উন্নত জাতের আউশ ধান উদ্ভাবন করেছেন। ব্রি৯৮ মাঠে খুবই সম্ভাবনা দেখাচ্ছে। এ জাতটি মাঠ পর্যায়ে জনপ্রিয় করতে পারলে দেশে আউশ আবার বড় ফসলে পরিণত হবে। একই সঙ্গে, এটি লাভজনক ফসল হিসাবে কৃষকের হাসিকে আরো চওড়া করবে।

একই জমিতে বছরে ৪টি ফসল

ঘরে তোলায় পরিকল্পনার কথা জানান কৃষক ইকবাল। তিনি জানান ব্রি ৯৮ জাতের এই আউশ ধানটি ২০ দিনের চারাসহ মোট ৯৮-১০০ দিনের মধ্যে কর্তন করেছেন। এর আগে তিনি এই জমিতে বোরো মৌসুমে ব্রি ৯৮ চাষ করেছিলেন। এখন তিনি আমনে ব্রি ৭৫ লাগাবেন এবং আমন কেটে স্বল্প জীবনকালীন সরিষার আবাদ করবেন।